দৈনিক সংবাদ

তারিখ 01 JUL 1984
পৃষ্ঠা 7 কলাম 8

১৬ই আষাঢ়, ১৩৯১ বাং

৩৫৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে কতিপয় বিষয়ে পরীক্ষা হয়েছে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গত রোববার জাতীয় সংসদকে জানান যে, ২৭শে জুন এবং ২৮শে জুন উভয়দিনই ঢাকা বিশ্ববিদ্যালয়ে কতিপয় বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তাকে লিখিতভাবে একথা জানিয়েছেন। তিনি জানান, গত শনিবার মাষ্টার্স ডিগ্রী (সনাতন) বাণিজ্য, আইন ও অন্যান্য কতিপয় বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ২৮শে জুনও গ্রন্থাগার বিজ্ঞান ও প্রাণরসায়ন বিভাগের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গত রোববার বিরোধী দলের নেত্রী শেখ হাসিনা সংবাদপত্রের রিপোর্টের উদ্ধৃতি দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে মন্ত্রীর বিরুদ্ধে অসত্য ভাষণের অভিযোগ উত্থাপন করেন।

বিকেলের বৈঠকে শিক্ষামন্ত্রী জানান যে, তিনি পূর্ববর্তী দিবসে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বক্তব্য। উপাচার্য লিখিত এবং মৌখিকভাবে যে তথ্য জানিয়েছেন সংসদে তিনি তা পেশ করেছেন। কাজেই অসত্য ভাষণের কোন প্রশ্নই ওঠে না এবং এ নিয়ে বিভ্রান্তি সৃষ্টির কোন সুযোগ নেই। খবর তথ্য বিবরণীর